

## প্রেস বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে অধীনস্থ ০৭ টি দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর

ঢাকা, ২১/১০/২০১৫


জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন ০৭ টি দপ্তর ও সংস্থার প্রধানদের সাথে মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেছেন। এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান আজ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। প্রাতিষ্ঠানিক সক্ষমতাসহ কর্মকর্তাদের পেশাগত দক্ষতা ও জবাবদিহিতা বৃদ্ধি করাই এ চুক্তির লক্ষ্য।

এ সময় দপ্তর প্রধানদের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের রেক্টর এ কে এম আবদুল আউয়াল মজুমদার, বিসিএস প্রশাসন একাডেমীর রেক্টর মোঃ সোহরাব হোসাইন, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক শিরীন আখতার, সরকারি যানবাহন অধিদপ্তরের কমিশনার মুন্সি শাহাবুদ্দিন আহমেদ, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক এ কে এম মাজুমুল হক, বিয়াম ফাউন্ডেশনের মহাপরিচালক মোঃ ফজলুল হক এবং সরকারি কর্মচারী হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. সাদিয়া সাজমিন সিদ্দিকা।

অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বলেন, এ চুক্তির মাধ্যমে দপ্তর ও সংস্থাসমূহের কার্যক্রমকে একটি কাঠামোর মধ্যে আনা সম্ভব হবে। বিশেষকরে দপ্তর প্রধানদের কাজের হিসাব নেওয়ার সুযোগ হবে। এতে প্রতিটি দপ্তর ও সংস্থার কাজে গতিশীলতা আসবে। কেউ লক্ষ্য অর্জনে ব্যর্থ হলে তাকে অবশ্যই জবাবদিহি করতে হবে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাজেট) মো: আব্দুর রউফ বলেন, কোন সংস্থা কর্মসম্পাদনে ব্যর্থ হলে তাদের বাজেট কমে যাবে এবং এজন্য ব্যাখ্যা দিতে হবে। অপরপক্ষে, লক্ষ্য অর্জনে সফল হলে ঐ সংস্থার বাজেট বেড়ে যাবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: ইব্রাহীম হেসেন খানসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

  
মোঃ তোহিদুল ইসলাম  
সিনিয়র তথ্য অফিসার  
জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫